

▶ ভিডিও

👤 সাক্ষাৎকার

▶ ভিডিও

ভর্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইইআরে এমএড প্রফেশনালস প্রোগ্রামে ভর্তি

নিজস্ব প্রতিবেদক ঢাকা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে (আইইআর) প্রাক-প্রফেশনাল মাস্টার অব এডুকেশন (প্রাক-এমএড) এবং প্রফেশনাল মাস্টার অব এডুকেশন (এমএড) প্রোগ্রামে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি নেবে। প্রাক-এমএড ৬ মাসের আর এমএড দেড় বছর মেয়াদি। অনলাইনে ফরম পূরণের সময় আবেদন ফি ২০০০ টাকা বিকাশে জমা দিতে হবে।

প্রাক-এমএড প্রোগ্রামের জন্য যাঁদের বিএড বা সমমানের ডিগ্রি নেই, তাঁরা পূর্বপ্রস্তুতিমূলক এ কার্যক্রমে আবেদন করতে পারবেন। এই কার্যক্রমের সফল সমাপনের পর প্রফেশনাল মাস্টার অব এডুকেশনের (এমএড) মূল কার্যক্রমে সরাসরি ভর্তি হতে পারবেন।

আবেদনের যোগ্যতা

- প্রাক-এমএড প্রোগ্রামের জন্য ন্যূনতম স্নাতক ডিগ্রি থাকতে হবে।
- প্রফেশনাল মাস্টার অব এডুকেশনের (এমএড) জন্য বিএড (সম্মান) অথবা ন্যূনতম স্নাতক ডিগ্রিসহ বিএড/ বিএসএড/ ডিপ-ইন-এড/ ডিপিএড/ সি-ইন-এড/ বিপিএড ডিগ্রিপ্ৰাপ্ত হতে হবে।
- উভয় কার্যক্রমে প্রার্থীদের শিক্ষাজীবনের সব পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি অথবা জিপিএ/ সিজিপিএ-এর ক্ষেত্রে ন্যূনতম ২ দশমিক ৫ থাকতে হবে।
- শিক্ষাসংশ্লিষ্ট চাকরিরত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে তাদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিসহ আবেদন করতে হবে।

ভর্তি ফরম সংগ্রহ ও ভর্তিপ্রক্রিয়া

ভর্তিসংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের [ওয়েবসাইটে](#) মিলবে। অনলাইনে আবেদন করা যাবে ২৭ মে পর্যন্ত।

ভর্তি পরীক্ষা

৩১ মে ২০২৪, (শুক্রবার) বেলা ১১টায় আইইআর ভবনে পরীক্ষা অনুষ্ঠিত হবে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



By using this site, you agree to our Privacy Policy.



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.